গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**পীরগঞ্জ সরকারি কলেজ**
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**Website: www.pirganjgc.edu.bd; Email: pgc_net@yahoo.com, c3509@nu.ac.bd; EIIN: 128965**
**অধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩১৮৪, মোবাইল: ০১৭৪০৪৭৩৪৯৩, ০১৩০৯১২৮৯৬৫; উপাধ্যক্ষ ফোন: ০২৫৮৯৯৩৩২০২**

**বিজ্ঞপ্তি নং- ৫৯** তারিখঃ ০২/১১/২০২৫ খ্রি.

# ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তি (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষার (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) আবেদন ফরম পুরণ (২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী) সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ:

**১. ফরমপূরণের যোগ্যতাঃ ইনকোর্স পরীক্ষার সকল বিষয়ে অংশগ্রহণকারী শিক্ষার্থীগণ (নিয়মিত ও ডিটেন্ড) ফরমপূরণ করতে পারবে।**

**২. ফরমপূরণের জন্য আবেদন জমা দানের তারিখঃ ২৮/১০/২০২৫ খ্রি. তারিখ হতে ১০/১১/২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত।**

**আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমার ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী:**

১। অনলাইনে আবেদন ফরম পূরণ:

আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://ems.nu.ac.bd/student-login)-এ গিয়ে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে আবেদন ফরম যথাযথভাবে পূরণ এবং ডাউনলোড করে প্রিন্ট কপি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ফিসহ স্ব স্ব বিভাগে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০২১-২০২২ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০২৩ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইটে দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (সেশন ২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০ ও ২০২০-২০২১) ইতোপূর্বে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে অনার্স তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০২০, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশ গ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী (২০১৭-১৮, ২০১৮-১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের) অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদেরকে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০২৩ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় একজন শিক্ষার্থী C+, C এবং D গ্রেড প্রাপ্ত হলে সে যে কোন দু'টি কোর্সে ২০২৪ সালের অনার্স তৃতীয় বর্ষ পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় বা পরীক্ষায় অংশগ্রহণ না করে তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

ঘ) অনার্স ৩য় বর্ষ, ২য় বর্ষ, ৩য় বর্ষ ও ৪র্থ বর্ষের সকল বিষয়ে উত্তীর্ণ কিন্তু ৩য় বর্ষের এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা সর্বসাকুল্যে ৬,০০০/- (ছয় হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৪ সালের অনার্স ৩য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরম পুরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চেয়ে আবেদন করতে পারবে না।

৫. পাঠ্যসূচিঃ সকল বিষয়ের পরীক্ষা ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৬. ফরমপূরণ ফি: (ফি এর সাথে বিকাশ চার্জ সংযুক্ত আছে, শিক্ষার্থীদের Payment এর সময় আলাদা করে চার্জ দিতে হবে না।)

| ক্রমিক | পরীক্ষার্থীর ধরণ | মোট ফি |
|---|---|---|
| ০১ | নিয়মিত: (বাংলা, ইংরেজী, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা) | ৩৩৯৪.০০ |
| ০২ | নিয়মিত (উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) | ৩৫৭১.০০ |
| ০৩ | অনিয়মিত/মানোন্নয়ন গ্রেড উন্নয়ন (এক বিষয়) | ১৬২১.০০ |
| ০৪ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (দুই বিষয়) | ১৯২৫.০০ |
| ০৫ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (তিন বিষয়) | ২২২৯.০০ |
| ০৬ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (চার বিষয়) | ২৫৩৩.০০ |
| ০৭ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (পাঁচ বিষয়) | ২৮৩৭.০০ |
| ০৮ | অনিয়মিত/মানোন্নয়ন/গ্রেড উন্নয়ন (ছয় বিষয়) | ৩১৪১.০০ |
| ১০ | C Promoted প্রাপ্ত পরীক্ষার্থী (এক বিষয়) | ২৫৩৩.০০ |
| ১১ | C Promoted প্রাপ্ত পরীক্ষার্থী (দুই বিষয়) | ২৮৩৬.০০ |
| ১২ | C Promoted প্রাপ্ত পরীক্ষার্থী (তিন বিষয়) | ৩১৪০.০০ |
| ১৩ | C Promoted প্রাপ্ত পরীক্ষার্থী (চার বিষয়) | ৩৪৪৪.০০ |
| ১৪ | ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের F গ্রেড প্রাপ্ত পরীক্ষার্থী (সকল বিষয়)। | ৫৭৭৫.০০ |

চলমান পাতা

বিঃদ্রঃ ১। ডিটেন্ড পরীক্ষার্থী, Not promoted এবং যারা ৩য় বর্ষে ভর্তি হয়নি তাদেরকে ৩য় বর্ষে ভর্তি/পূণঃভর্তি হয়ে ফরমপূরণ করতে হবে।
২। বিজ্ঞান শাখার যেসকল অনিয়মিত শিক্ষার্থী পূর্ববর্তী ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহন করেনি তাদেরকে তত্ত্বীয় ও কেন্দ্র ব্যবহারিক ফি অতিরিক্ত প্রদান করতে হবে।

৭। ভর্তি ফি জমাদান পদ্ধতিঃ
বিকাশ অ্যাপের মাধ্যমের পেমেন্ট পদ্ধতি (বিকাশ অ্যাপ ছাড়া পেমেন্ট করা যাবে না)
> আপনার বিকাশ অ্যাপে লিগ-ইন করুন
Home screen থেকে Payment সিলেক্ট করুন।
➤ Merchant Number (01740473493) দিন ও পরের ধাপে যান।
> আপনার জন্য নির্ধারিত টাকার পরিমাণ টাইপ করুন (ভর্তি ফি দ্রষ্টব্য)
> পরবর্তী ধাপে আপনার টাকার পরিমাণ যাচাই করুন এবং আপনার payment reference- H3FF24 (স্পেস) Registration Number (স্পেস) মোবাইল নম্বর দিন। কোন অবস্থাতেই রেফারেন্স নম্বর ফাঁকা রেখে বা ভুল তথ্য দিয়ে পেমেন্ট করা যাবে না।
উদাহরণ: H3FF24, 21222183895, 16104163460,
Code Registration No. Mobile No.
> আপনার বিকাশ PIN দিন ও পরের ধাপে যান।
"Type and Hold to Make Payment চেপে ধরে পেমেন্ট সম্পন্ন করুন।
> পেমেন্ট সম্পন্ন হলে পেমেন্টের screenshot নিন এবং ০২ কপি প্রিন্ট করুন।

৮। বিশেষ সতর্কতাঃ
নির্ধারিত ভর্তি ফি'র কম payment করলে কিংবা payment reference-এ কোড (H2FF24) Registration Number এবং শিক্ষার্থীর মোবাইল নম্বর না দিলে বা ভুল দেবার কারণে ফরমপূরণের নিশ্চায়ন সংক্রান্ত কোনরুপ জটিলতা সৃষ্টি হলে কলেজ কর্তৃপক্ষ কোনভাবেই দায়ী থাকবেনা। উল্লেখ্য, কলেজের মোবাইল মার্চেন্ট নম্বরে ভুল করে payment করলে তা ফেরত প্রদানের কোন সুযোগ নেই। তাই সতর্কতার সাথে payment করতে হবে এবং payment সম্পন্নের পর প্রাপ্ত ম্যাসেজ/payment copy অবশ্যই শিক্ষার্থীকে সংরক্ষণ করতে হবে।

৯। সংযুক্ত কাগজপত্রের বিবরণঃ
(ক) নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রেঃ রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
খ) অনিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রেঃ রেজিস্ট্রেশন কার্ড ও বিগত পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি ।
গ) সকল ক্ষেত্রেঃ বিকাশের মাধ্যমে ফরমপূরণ ফি পরিশোধের ট্রানজেকশন প্রিন্ট কপি।

প্রয়োজনে যোগাযোগ:
০১৭৭৩০১৮৮৭৭ (জনাব প্রবীণ চন্দ্র, প্রভাষক, রাষ্ট্রবিজ্ঞান, সদস্য- ফরমপূরণ কমিটি।
০১৭২৩৩১৬২১১ (জনাব মোঃ আইয়ুব আলী, প্রভাষক, প্রাণিবিজ্ঞান, সদস্য- ফরমপূরণ কমিটি।
০১৭১৬২০৮০৪০ (জনাব মোঃ সারওয়ার কবীর, সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান, আহবায়ক- ফরমপূরণ কমিটি।

**** যে সমস্ত শিক্ষার্থী ইনকোর্স অংশগ্রহণ করেনি (নিয়মিত ও ডিটেন্ড) তারা ফরমপূরণ করতে পারবে না।**

প্রতিস্বাক্ষরিত

০২/১১/২৫

(প্রফেসর মোঃ বদরুল হুদা-৫৯৬৭)
অধ্যক্ষ
পীরগঞ্জ সরকারি কলেজ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও

02.11.25
(মোঃ মোঃ সারওয়ার কবীর)
সহকারী অধ্যাপক, পদার্থবিজ্ঞান ও
আহবায়ক
অনার্স ৩য় বর্ষ ফরম পুরণ কমিটি-২০২৪
পীরগঞ্জ সরকারি কলেজ, ঠাকুরগাঁও